

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
সিলেট
ই-মেইল: dpeosylhe@gmail.com

স্মারক নং ৩৮.০১.৯১০০.০০০.০৪.০৯৯.১৯. ২০১৭

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮-এর হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে কম নম্বর প্রদান সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: উপর্যুক্ত বিষয়ে প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট-এর ১২.০২.২০১৯ তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ জেলাধীন সদর উপজেলার প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮-এর হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন পরবর্তী নিরীক্ষা ও প্রধান পরীক্ষক কর্তৃক ৫% উত্তরপত্র সিলেট সদর উপজেলাধীন নিম্নবর্ণিত শিক্ষকগণ কর্তৃক সম্পন্ন করা হয়েছে।

| ক্রমিক নং | নিরীক্ষকের নাম ও পদবি ও কর্মস্থল | প্রধান পরীক্ষকের নাম, পদবি ও কর্মস্থল | মন্তব্য |
|--------------|---|---|---------|
| ১ | জনাব নিকেতন দাস, প্রধান শিক্ষক (চ.দা.) নোয়াগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, সিলেট | বেগম জয়া রানী পাল, প্রধান শিক্ষক মুরাদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, সিলেট | |

২। জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ এর পরীক্ষার্থীদের ২০১৮ সনের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে কম নম্বর প্রদান করা হয়েছে মর্মে জনাব প্রফুল্ল কুমার নাথ, অভিভাবক, সদর, সিলেট কর্তৃক অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার গত ১২.০২.২০১৯ খ্রি. তারিখে এ অফিসে তদন্ত কার্য সম্পন্ন করেন। তদন্তে প্রধান পরীক্ষক ও নিরীক্ষকের গাফিলতির প্রমাণ পেয়েছেন মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

৩। সংশ্লিষ্ট বিদ্যালয়ের উক্ত বিষয়ের উত্তরপত্র মূল্যায়নে অবহেলা ও অনিয়মের জন্য সংশ্লিষ্ট পরীক্ষকের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদনের আলোকে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।

৩। এ অবস্থায়, তদন্ত প্রতিবেদন অনুযায়ী উত্তরপত্র নিরীক্ষণে অবহেলার জন্য দায়ী প্রধান পরীক্ষক বেগম জয়া রানী পাল ও নিরীক্ষক জনাব নিকেতন দাস এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা
সিলেট বিভাগ, সিলেট

৪৫



মোঃ বায়েজীদ খান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সিলেট
ফোন: ০৮২১-৭১৭৪৫৩